

৩৫
(প্রমদাবাবুকে লিখিত)

ঈশ্বরো জয়তি

গাজীপুর
২৫শে ফেব্রুআরি, ১৮৯০

পূজ্যপাদেশু,

Lumbago (কোমরের বাতে) বড় ভোগাইতেছে, নহিলে ইতিপূর্বেই যাইবার চেষ্টা দেখিতাম। এ স্থানে আর মন তিষ্ঠিতেছে না। তিন দিন বাবাজীর স্থান হইতে আসিয়াছি, কিন্তু তিনি দয়া করিয়া প্রায় প্রতহই আমার খবর লয়েন। কোমর একটু সারিলেই বাবাজীর নিকট বিদায় লইয়া যাইতেছি। আমার অসংখ্য প্রণাম জানিবেন। ইতি

দাস

নরেন্দ্র